

জলদ হৃদয়

অবহেলা করো আর তাচ্ছিল্য করো
যাই করোনা কেন, ওভাবে সিঁড়ির
গোড়ায় দাঁড়িয়ে ফিরে যেও না।
ক্ষণিক বসে দেখো, শান্ত দু'টো
চোখে চোখ রাখো, দেখো ভালবাসার
পরশ আছে কিনা।

একটা দু'টো কথা শুনেই
কখনও চলে যায় কেউ?
হৃদয়ের কান পেতে শোন
গন্ধেমাতাল মাধবী সুবাস
ছড়িয়ে আছে ঘরের বাতাস।
দরজা থেকেই মুখ ফিরিয়ে
নিওনা, অধরে স্পর্শ দাও,
দেখতে পাবে, অনুশাসনের অন্তরালে
ফুলের মতো ফুটে আছে
স্থলপদ্ম মুখ।

আরও গভীরে, ভালবাসার
সরোবরে, জলদ হৃদয়।

লিলি হক (বাংলাদেশ)

